দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 11 MAY 2009
পৃষ্ঠা ... ৮

# রেজি. বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগে জটিলতা

দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে শূন্যপদে শিক্ষক নিয়োগ করা হয়ে থাকে। কিন্তু দেশের প্রায় ২২ হাজার রেজি. বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে অবসর বা মৃত্যুবরণজনিত কারণে প্রতিবছর শিক্ষকের অনেক পদ শূন্য হচ্ছে। কিন্তু শিক্ষক নিয়োগে বিভিন্ন পর্যায়ে জটিলতার কারণে মাসের পর মাস এমনকি কয়েক বছরও কোনো কোনো বিদ্যালয়ের পদ শূন্য থাকছে। একদিকে যেমন বিদ্যালয়ের শ্রেণী কার্যক্রম ব্যাহত হচ্ছে, পাশাপাশি দেশের প্রত্যন্ত অঞ্চলের কোমলমতি শিশুরা লেখাপড়া থেকে বঞ্চিত হচ্ছে। যেমন কোনো একটি বিদ্যালয়ের একজন শিক্ষক মৃত্যুবরণ করলেন, সেক্ষেত্রে প্রথমেই স্থানীয় ইউপি পরিষদ চেয়ারম্যান কর্তৃক মৃত্যু সনদ সংগ্রহ করে বিদ্যালয় ম্যানেজিং কমিটি কর্তৃক রেজুলেশন করে উপজেলা শিক্ষা অফিসে প্রেরণ করতে হয়। অতঃপর উপজেলা শিক্ষা কমিটির সভায় অনুমোদন করা হলে শিক্ষা কমিটির রেজুলেশনসহ শিক্ষা অফিসারের মতামত সহযোগে ঢাকাস্থ শিক্ষাভবনে পাঠাতে হয়। অতঃপর কাগজপত্র ঠিকঠাক থাকলে মহাপরিচালক সাহেব পদ শূন্য ঘোষণা করে সংশ্লিষ্ট উপজেলায় ফাইল ফেরত পাঠান। তারপর উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে সংশ্লিষ্ট বিদ্যালয়ের কর্তৃপক্ষকে পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়ে বিভিন্ন আনুষ্ঠানিকতা শেষ হলে পরীক্ষার মাধ্যমে শিক্ষক নিয়োগ দেয়া হয়ে থাকে।

এখানে উল্লেখ্য যে, এর মধ্যে ফাইলে কোনো সামান্য ত্রুটি থাকলেও আপত্তি সহকারে ফাইল ফেরত পাঠানো হয়। এসব কারণে এ প্রক্রিয়া অনেকদিন পর্যন্ত চলতে থাকে। তারপরও যদি সংশ্লিষ্ট বিদ্যালয়ের কোনো শিক্ষক বা তার প্রতিনিধি শিক্ষাভবনে গিয়ে ব্যক্তিগতভাবে তদবির না করেন তাহলে ঐ ফাইল নিচে পড়তে থাকবে। এভাবে দেখা যাবে পরবর্তী সময়ে সেটি আর খুঁজে পাওয়া যাচ্ছে না। আরও উল্লেখ্য যে, ঢাকা থেকে দূর-দূরান্তের শিক্ষকদের পক্ষে শিক্ষাভবনে এসে ব্যক্তিগতভাবে তদবির করা অনেক সময় সম্ভব হয়ে ওঠে না। তাই ঐসব বিদ্যালয়ের অবস্থা সহজেই অনুমেয়।

এক্ষেত্রে আমার প্রস্তাব হচ্ছে, উল্লিখিত জটিলতা নিরসনে সংশ্লিষ্ট শিক্ষকের পদ শূন্য ঘোষণা ও শিক্ষক নিয়োগদানের যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করার জন্য উপজেলা শিক্ষা কমিটিকে দায়িত্ব দেয়া হোক। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

আক্তারুজ্জামান, *প্রধানশিক্ষক,*
*দক্ষিণ পেন্নাই রেজি. বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা।*